

সারসী ও তার সন্তান

blackhash.weebly.com

সংগ্রহে: **BlackHash Team**

এক জমিতে এক সারসী ও তার কয়েকটি ছোট শিশুসন্তান বাস করত। সন্তানগুলো তখনও উড়তে পারত না। সারসী যখন খাবার খুজতে বাইরে যেত তখন তার খুব চিন্তা হতো যে কেউ যদি তার সন্তানদের দেখে ফেলে তাহলে পিটিয়ে মেরে ফেলবে। এজন্য, সারসি তার সন্তানদের বলে যেত সে যখন খাবার খুজতে বাইরে যাবে তখন জমির মালিক কি করে তা যাতে শুনে রাখে এবং সারসি যখন বাসায় আসবে তখন তাকে সেই কথা গুলো বলবে। একদিন সারসি খাবার খুজতে বাইরে গেলে তার সন্তানরা শোনে:

জমির মালিক: আরে আমার জমির গম তো পেকে গেছে। কয়েকদিনের ভিতর এগুলো না তুললে শস্যগুলো ঝরে পরবে। আমি বরং পাড়া প্রতিবেশিদের খবর দেই। তারাই আমার ফসল কেটে দেবে।

এই কথা সারসির সন্তানরা শুনে তারা তাদের মা আসার পর সমস্ত কথা বলে। তার সন্তানরা বলে এই জায়গা তাদের জন্য নিরাপদ নয়। তখন সারসি বলে তাড়াহড়োর কিছু নেই। আমরা এখনও কিছুদিন থাকতে পারব।

কিছুদিন পর

জমির মালিক: আরে! আমি প্রতিবেশিদের বলেছিলাম তারা যেন ফসল গুলো কেটে দেয় কিন্তু, তারা আসেনি দেখি আমার বন্ধুদের বলতে হবে। তারা নিশ্চয়ই আসবেই।

একথা সারসির সন্তানরা শুনে তার মাকে আবার সেখান থেকে চলে যাবার কথা বলল কিন্তু সারসি এবারও বলল, তাড়াহড়োর কিছু নেই।

আরও কিছুদিন পর

জমির মালিক: একি! আমার বন্ধুরাও এলনা। নাহ! আর অন্যের অপেক্ষায় থাকলে হবে এবার নিজেই কাজে নামে পরবো।

এবার সারসির সন্তানরা সারসিকে একথা বললে সে বলে এবার সত্যি আমাদের জেতে হবে কারণ এখন এ জায়গা আমাদের জন্য নিরাপদ নয়। মানুষ যখন আরেকজনের অপেক্ষা না করে নিজেই কাজে নেমে পরে তখন সে অবশ্যই সে কাজ করতে সফল হবে।

উপদেশ: অপরের জন্য কাজ ফেলে না রেখে নিজের কাজ নিজেরই করা উচিত।

বন্ধুরা, তোমরা আরও মজার মজার গল্প ও কমিক ডাউনলোড করতে পার ও তোমার নিজের গল্প আমাদের পাঠাতে পার, এজন্য ভিজিট করো blackhash.weebly.com